

পদ্ম সখী পাল
২৬/০৬/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০২.১৭- ১৭৫/২৬

তারিখ: ১০ আষাঢ় ১৪২৫ বাং
২৪ জুন ২০১৮ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখের ৮০.০০.০০০০.০১১.১১.০৪.২০১৬-২৩৯ নং স্মারকে জারীকৃত পত্রে সুপারিশের প্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ জুন ২০১৮ তারিখের ৩৮.০০৮.০১১.০০.০০.০০৮.২০১৪ (অংশ-২)-৫৬১ নং পত্রের অনুসরণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত প্রার্থীগণকে নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণীর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (প্রশিক্ষণ বিহীন) হিসেবে ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী গ্রেড-১২ টাকা- ১১৩০০-২৭৩০০/- বেতনক্রমে নিয়োগপূর্বক নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো।

ক্র: নং	রেজি: নং	নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	নিয়োগপ্রাপ্ত উপজেলা/থানা	পদায়নকৃত বিদ্যালয়ের নাম
১	০৯৬৬২৬	পাপিয়া সুলতানা পিতা: সারোয়ার কাওসার মাতা: হাজেরা বিবি	গ্রাম:হরখালী, ডাকঘর:মাজালিয়া উপজেলা: সরিষাবাড়ী, জেলা: জামালপুর	গ্রাম:হরখালী, ডাকঘর:মাজালিয়া উপজেলা: সরিষাবাড়ী, জেলা: জামালপুর	সরিষাবাড়ী	৩০ নং মানজালিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, সরিষাবাড়ী, জেলা: জামালপুর
২	০৪২৪২৮	মো: মাসুদ পারভেজ পিতা: মো: লুৎফুর রহমান মাতা: মিস ফারভিন বেগম	গ্রাম: কাদবা, ডাকঘর: বড় সাদ্বিশ্বর, উপজেলা: নাস্তলকোট, জেলা: কুমিল্লা।	গ্রাম: কাদবা, ডাকঘর: বড় সাদ্বিশ্বর, উপজেলা: নাস্তলকোট, জেলা: কুমিল্লা।	নাস্তলকোট	৮৯ নং মণ্ডুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, নাস্তলকোট, জেলা: কুমিল্লা।

২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

- তাদের চাকুরীতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;
- শিক্ষানবিশকালে অযোগ্য বিবেচিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদেরকে চাকুরী হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিশকাল সম্তোষজনক বিবেচিত হলে বিধি মোতাবেক চাকুরীতে স্থায়ী করা হবে;
- চাকুরীতে তাঁদের জ্যেষ্ঠতা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী নির্ধারিত হবে;
- তিনি বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- সরকারের প্রচলিত বিধি বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান/আদেশ দ্বারা তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
- প্রশিক্ষণবহীন প্রার্থীগণকে নিয়োগ আদেশ প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে ডিপিএড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা কর্তৃক সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভূয়া/ত্রুটিপূর্ণ হলে নিয়োগ আদেশ বাতিল করা যাবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
- শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৩। নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ আগামী ০৫ জুলাই ২০১৮ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। প্রত্যেক প্রার্থী সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার বরাবর যোগদানপত্র দাখিল করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসার যোগদানপত্র গ্রহণপূর্বক একটি প্রত্যয়ণ পত্র প্রদান করবেন। বর্ণিত প্রত্যয়ণ পত্র গ্রহণ করে তিনি সংশ্লিষ্ট বিদ্যালয়ে যোগদান করবেন। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার বরাবর যোগদানের তারিখেই শিক্ষকের চাকুরীতে যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকের বেতনভাতাদি কোড নং- ৩-২৪৩২-০০০০/৪৬০০/৪৭০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ খাত হতে মিটানো হবে।

মো: রমজান আলী
অতিরিক্ত মহাপরিচালক

